



রাসামাটিতে বিএনপি নেতার বোনকে অপহরণ

ছাত্রদলের সন্ত্রাসীসহ ১০ জনকে গ্রেফতার

পার্বত্য অঞ্চল প্রতিনিধি ৪ রাসামাটি শহরের রিজার্ভ বাজারের পোড়াপাহাড় এলাকা থেকে ছাত্রদলের সন্ত্রাসীরা বিএনপি নেতার বোনকে জোরপূর্বক অপহরণের যে ঘটনা ঘটিয়েছে সে ব্যাপারে পুলিশ এ পর্যন্ত ১০ জনকে গ্রেফতার করেছে।

গত ৪ঠা এপ্রিল সন্ধ্যায় যে অপহরণ ঘটনা ঘটেছে সে ব্যাপারে রাসামাটি কোতোয়ালি থানায় অপহৃতার পিতা যদি হয়ে মামলা করেন ৫ই এপ্রিল দুপুরে। পুলিশ ঘটনার সঙ্গে জড়িত

সন্দেহে ৪ঠা এপ্রিল রাতে ২ জন এবং ৫ই এপ্রিল ৮ জনকে গ্রেফতার করেছে। কোতোয়ালি পুলিশ জানিয়েছে, মামলায় ১৫ জনকে আসামি করা হয়েছে। এদের মধ্যে বিত্ত, নাছির, আবুল ফজল ও নুরুল হককে ধরা হয়েছে। বাদবাকি যাদের গ্রেফতার করা হয়েছে তারা হচ্ছে কালু, লেদা, বাকি, মহসিন, সেলিম ও জনি। জেলা পুলিশ সুপার হুমায়ুন কবীর ও সহকারী পুলিশ সুপার জিয়ার নেতৃত্বে এই পুলিশ অভিযান চলছে।